

খুলনায় মাদ্রাসা বন্ধ, গ্রেপ্তার ৩

খুলনা অফিস ১ শিশু শিক্ষার্থীদের যৌন নির্যাতনের অভিযোগে খুলনায় একটি মাদ্রাসা বন্ধ করে দিয়েছে পুলিশ। গ্রেপ্তার করা হয়েছে দুই শিক্ষক ও এক কর্মচারীকে। পরিচালকসহ দুজন পলাতক রয়েছে। গতকাল সোমবার দুপুরে আদালতের মাধ্যমে এই তিনজনকে কারাগারে পাঠানো হয়েছে। আদালতে শিশুরা তাদের ওপর চালানো যৌন নির্যাতনের বর্ণনা দিয়েছে। বন্ধ করে দেওয়া মাদ্রাসাটির নাম আল কোরআন মাস্টিনিয়ানাল একাডেমি। গ্রেপ্তারকৃতরা হলো একাডেমির শিক্ষক গোপালগঞ্জের মোকছেদপুর উপজেলার তারাইল গ্রামের আব্দুর রহিম (২৫) ও খুলনার দাকোপ উপজেলার রামনগর গ্রামের আবু বক্কর সিদ্দিক (২৫), খাদেম সাতক্ষীরার তালা উপজেলার শিরাস্তনী গ্রামের তোরাব আলী (৩৫)। নগরীর সোনাডাঙ্গা মডেল খানার ওসি সুকুমার বিশ্বাস সাংবাদিকদের বলেন, পুলিশ পলাতক আসামিদের গ্রেপ্তারের চেষ্টা করছে। মাদ্রাসাটি বন্ধ করে দেওয়া হয়েছে এবং শিশুদের সমাজসেবা অধিদপ্তরের সাপোর্ট সেন্টারে রাখা হয়েছে। পুলিশ ও স্থানীয় লোকজন জানায়, বেশ কিছুদিন আগে সোনাডাঙ্গা মজিদ সরগির আজিজ প্যালেসের আব্বাস হোটেলের দ্বিতীয় তলায় আল

খুলনায় মাদ্রাসা বন্ধ

শেষ পৃষ্ঠার পর
কোরআন মাস্টিনিয়ানাল একাডেমি গড়ে ওঠে। সম্পূর্ণ আবাসিক ওই মাদ্রাসাটিতে ৪৪টি শিশু পড়ালেখা করে। গত রবিবার জেলা প্রশাসন ও সমাজসেবা অধিদপ্তরের মাধ্যমে পুলিশ মাদ্রাসাটিতে শিশুদের ওপর যৌন নিপীড়নের ঘটনা জানতে পারে। ওই দিন সেখানে অভিযান চালায় পুলিশ। অভিযানে দুই শিক্ষক ও খাদেমকে গ্রেপ্তার করা হয়। তবে মাদ্রাসার পরিচালক আনোয়ারুল ইসলাম ও বাবুটি তরিকুল ইসলাম পালিয়ে যায়। মাদ্রাসাটিতে ৯ থেকে ১২ বছর বয়সী ছয়টি শিশু বাবুটি ও শিক্ষকদের বলাৎকারের শিকার হয়েছে বলে ভুক্তভোগীরা জানিয়েছে। এ ঘটনায় খুলনা শহর সমাজসেবা কর্মকর্তা আবিদা আফরিন পাঁচজনকে আসামি করে মামলা দায়ের করেছেন। পুলিশ গতকাল গ্রেপ্তারকৃতদের মহানগর হাকিম আদালতে হাজির করে। শুনানির পর হাকিম আয়াশা আখতার মৌসুমী আসামিদের কারাগারে পাঠানোর আদেশ দেন। একই আদালতে নির্ধারিত শিক্ষার্থীরা ১৬৪ ধারায় জবানবন্দী দিয়েছে। খুলনা জেলা শহর সমাজসেবা কর্মকর্তা আবিদা আফরিন বলেন, রবিবার সকালে আমার কাছে তথ্য আসে, ওই মাদ্রাসার কয়েকজন শিক্ষার্থীকে অনেক দিন ধরে শারীরিকভাবে নির্যাতন করা হচ্ছে। এ খবরে ওই মাদ্রাসায় গিয়ে কয়েকজন শিক্ষার্থীর সঙ্গে আলাদাভাবে কথা বলে এর সত্যতা পাওয়া যায়।

▶▶ পৃষ্ঠা ১৩ ক. ৪